

# নির্দিষ্টকরণ (২০০৮-০৯ অর্থ বৎসর) আইন, ২০০৯

( ২০০৯ সনের ৪ নং আইন )

২০০৯ সালের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থ বৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে ব্যয় নির্বাহের জন্য অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদানের উদ্দেশ্যে প্রণীত আইন।

যেহেতু ২০০৯ সালের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থ বৎসরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে ব্যয় নির্বাহের জন্য অর্থ প্রদান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

**সংক্ষিপ্ত  
শিরোনাম ও  
প্রবর্তন**

১। (১) এই আইন "নির্দিষ্টকরণ (২০০৮-০৯ অর্থ বৎসর) আইন, ২০০৯" নামে অভিহিত হইবে।

(২) এই আইন ১৭ আষাঢ়, ১৪১৫ বঙ্গাব্দ মোতাবেক ১ জুলাই, ২০০৮ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

**২০০৮-২০০৯  
অর্থ  
বৎসরের  
জন্য সংযুক্ত  
তহবিল  
হইতে**

২। ২০০৯ সালের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থ বৎসরে যেই সকল ব্যয় হইতে পারে সেই সকল ব্যয় নির্বাহের জন্য এই অধ্যাদেশের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যাদির বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত এক লক্ষ আটাশ হাজার নয়শত একাশি কোটি চল্লিশ লক্ষ নয় হাজার টাকার অনধিক পরিমাণ অর্থ সংযুক্ত তহবিল হইতে প্রদেয় ও ব্যয়যোগ্য হইবে।

**টাকা প্রদান**

**নির্দিষ্টকরণ**

৩। এই আইন দ্বারা সংযুক্ত তহবিল হইতে প্রদান করিবার ও ব্যয় নির্বাহের জন্য অনুমোদিত অর্থ ২০০৯ সালের ৩০ জুন তারিখে সমাপ্য অর্থ বৎসরে এই আইনের তফসিলের কলাম ২ এ বর্ণিত কার্যের জন্য উহার বিপরীতে কলাম ৫ এ উল্লিখিত পরিমাণের অনধিক অর্থ নির্দিষ্ট করা হইল।

**রহিতকরণ**

৪। (১) নির্দিষ্টকরণ অধ্যাদেশ, ২০০৮ (২০০৮ সনের ৩৪ নং অধ্যাদেশ) এতদ্বারা রহিত করা হইল।